গোলাপগঞ্জে যুবলীগ নেতা সাহান আহমদ সাহিনের বাড়িতে হামলা- ভাঙচুর ও অগ্নিসংযোগ

গোলাপগঞ্জ প্রতিনিধি: ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে গত ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতন হয়। সরকার পতনের পর সারাদেশের ন্যায় সিলেটে মন্ত্রী, এমপি এবং আওয়ামী লীগ ও অঙ্গসংগঠনের নেতা- কর্মীদের বাসা-বাড়িতে হামলা, অগ্নিসংযোগ এবং ভাংচুর হয়েছে। এরই ধারাবাহিকতায় সিলেটের গোলাপগঞ্জ উপজেলা যুবলীগের যুগ্ম সম্পাদক সাহান আহমদ সাহিনের বাড়িতে হামলা- ভাংচুর ও অগ্নিসংযোগ করেছে জামায়াত-বিএনপির লোকজন।

গতকাল শনিবার (১০ আগস্ট) রাতে জামায়াত বিএনপির দলীয় লোকজন তার বাড়িতে হামলা চালিয়ে ব্যাপক ভাঙচুর, লুটপাট ও অগ্নিসংযোগ করে।

যুবলীগ নেতা সাহান আহমদ সাহিন উপজেলার পালপারা গ্রামের দুলু মিয়ার ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, হামলাকারীরা সাহানের বাড়িতে গিয়ে তার খোঁজ করেন, সাহান কোথায় আছে জানতে চান? সাহান বাড়িতে নেই জানালে হামলাকারীরা ঘরের জিনিসপত্র ভাংচুর করে। ঘরের দরজা জানালা ও গ্লাস সব কিছু তছনছ করে লুটপাট চালায়, যাওয়ার সময় বাড়িতে অগ্নিসংযোগ করে। এতে করে অপূরণীয় ক্ষতি করেছে দুর্বৃত্তরা।

এ সময় সন্ত্রাসীরা সাহানের পিতা দুলু মিয়াকে শারিরীকভাবে লাঞ্চিত করে।

দিলু মিয়া স্থানীয় সাংবাদিকদের জানান, আমার ছেলে সাহান যুবলীগের রাজনীতি করতো। আর এ কারণেই আমাদের বাড়িতে হামলা ভাংচুর, অগ্নিসংযোগ। তিনি আক্ষেপ প্রকাশ করে বলেন, কেউ দল করলেই কি অপরাধী হয়ে যায়?

তিনি বলেন, গতকাল রাত ৮ ঘটিকার দিকে হঠাৎ ৫/৬টি মোটর সাইকেল যোগে স্থানীয় বিএনপি জামায়াতের লোকজন আমাদের বাড়ীতে এসে সবাইকে অবরুদ্ধ করে ফেলেন এবং সাহানের সন্ধান চান। সে বাড়িতে নেই জানালে হামলাকারীরা ঘরের জিনিসপত্র ভাংচুর শুরু করে। আলমারি, সোকেস,

কেবিনেটসহ বিভিন্ন আসবাপত্র ভাঙচুর করে অপূরণীয় ক্ষতি সাধন করেছে। যাওয়ার সময় লুটপাট করে ও অগ্নিসংযোগ করে। পরে স্থানীয়দের সহযোগিতায় আগুন নিয়ন্ত্রণে আসে।